

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিনিয়র দায়রা জজ ও সিনিয়র স্পেশাল জজ আদালত, চট্টগ্রাম

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিলে উল্লিখিত আসামীর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা ইস্যু হয়। কিন্তু তাহাকে না পাওয়ায় উহা জারী করা সম্ভব হয় নাই।

এবং যেহেতু ১৮৯৮ ইংরেজী সালের ফৌজদারী কার্যবিধি আইনের ৮৭ ও ৮৮ ধারার বিধান মোতাবেক উক্ত আসামীর বিরুদ্ধে কার্যক্রম গ্রহণ করা হইয়াছে।

এবং সেহেতু আদালতের বিশ্বাস করিবার কারণ রহিয়াছে যে, অত্র আদালতের বিচারার্থে উক্ত আসামী গ্রেফতার এড়াইবার জন্য পলাতক রহিয়াছে বা আত্মগোপন করিয়াছে।

এবং সেহেতু, উক্ত আসামীকে শীঘ্রই গ্রেফতার করিবার সম্ভাবনা নাই, সেহেতু, ১৯৫৮ ইংরেজী সালের ক্রিমিনাল ল' এমেন্ডমেন্ট অ্যাক্ট এর ৬-১(এ) ধারার বিধানমতে নিম্ন তফসিলে বর্ণিত আসামীর নামের পার্শ্বে লিখিত মামলার বিচারের জন্য অত্র বিজ্ঞপ্তি পত্রিকায়/গেজেটে প্রকাশিত হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অত্র আদালতে হাজির হইবার নির্দেশ দেওয়া যাইতেছে, অন্যথায় তাহার অনুপস্থিতিতে বিচার কার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

| ক্রমিক নং | আসামীর নাম ও ঠিকানা | মামলার নম্বর ও ধারা |
|-----------|---|---|
| ০১. | (ক) সুমন চৌধুরী, পিতা-মৃত নিরোদ বরন চৌধুরী, সাং-সিংহরিয়া, ডাক ও থানা-ভূজপুর, উপজেলা-ফটিকছড়ি, জেলা-চট্টগ্রাম সাবেক ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ঘাগড়া ইউনিয়ন ভূমি অফিস, রাসুনীয়া, চট্টগ্রাম। বর্তমানে-ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, কর্ণফুলী ইউনিয়ন ভূমি অফিস, কর্ণফুলী, চট্টগ্রাম। | স্পেশাল মামলা নং-০৬/২০২২ রাসুনীয়া, থানা মামলা নং-২১(১)১৯, জি, আর নং-২১/১৯ ধারাঃ ৪৬৭/৪৬৮/৪৭১/৪২০/১০৯ দঃবিঃ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২)। |

আজিজ আহমদ ভূঞা

সিনিয়র দায়রা জজ

ও

সিনিয়র স্পেশাল জজ,

চট্টগ্রাম।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৮১৫)

মূল্য : টাকা ৪.০০